

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

তারিখঃ ০৯ অক্টোবর ২০১৭

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) এ নিম্নবর্ণিত পদ সমূহে অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ল্যাবরেটরী টেকনিশিয়ান পদার্থবিদ্যা বিভাগ	০১	BAUET কাদিরাবাদ সেনানিবাস	(ক) সংশ্লিষ্ট বিষয়সহ বিএসসি বা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৪ এর মধ্যে ৩.০০ বা তদোর্ধ্ব থাকতে হবে। (খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (গ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।
২।	ল্যাবরেটরী টেকনিশিয়ান সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ	০১		(ক) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা পাশ সহ সংশ্লিষ্ট বিষয়ের উপর ২ বৎসর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) অটোক্যাড, এম এস ওয়ার্ড, এম এস এক্সেল এবং এম এস পাওয়ার পয়েন্ট জানা থাকতে হবে। (গ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।
৩।	ল্যাবরেটরী সহকারী সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ	০১		(ক) এস এস সি পাশ সহ সংশ্লিষ্ট বিষয়ের উপর ২ বৎসর মেয়াদী ট্রেডকোর্স পাশ থাকতে হবে। (খ) কম্পিউটারে অভিজ্ঞতা থাকা আবশ্যিক। (গ) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর।
৪।	লাইব্রেরী এসিস্টেন্ট	০১		(ক) এইচএস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ইন্টারনেট Browsing, ইন্টারনেট ব্যবহার, e-sourcing etc related technical expert for e-library (গ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর।

### দরখাস্তের নিয়মাবলী :

- ১। উপরোক্ত পদগুলোতে আগ্রহী প্রার্থীদের স্বহস্তে লিখিত এক কপি আবেদনপত্র জীবনবৃত্তান্তসহ প্রেরণ করতে হবে।
- ২। আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, দয়ারামপুর, নাটোর বরাবরে ১৫ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রপিন ছবিসহ পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৩। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরে জানানো হবে।
- ৭। আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৮। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।
- ০৯। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
- ১০। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। সকল পদে বেতন আলোচনা সাপেক্ষ।
- ১২। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১৩। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট [www.bauet.ac.bd](http://www.bauet.ac.bd) তে অনুসন্ধান করা যেতে পারে।

অতিরিক্ত রেজিস্ট্রার  
BAUET, কাদিরাবাদ

### বিতরণঃ

সকল নোটিশ বোর্ড

স্টেশন সদর দপ্তর, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

BAUET, ওয়েবসাইট

### অবগতিঃ

মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)

দেজারার